

# ■■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ১২৫

৩/ আল-ইলম (ধর্মীয় জ্ঞান) (১ আল-ইলম (১ আল-ইলম

পরিচ্ছেদঃ ৩/৪৭. আল্লাহ্ তা'আলার বাণী, তোমাদেরকে 'ইলম দেওয়া হয়েছে অতি অল্পই।" (সূরা আল-ইসরা : ৮৫)

### আরবী

حَدَّثَنَا قَيْسُ بْنُ حَفْصٍ، قَالَ حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ، قَالَ حَدَّثَنَا الْأَعْمَشُ، سُلَيْمَانُ عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَلْقَمَةَ، عَنْ عَبْدِ اللَّهِ، قَالَ بَيْنَا أَنَا أَمْشِي، مَعَ النَّبِيِّ صلى الله عليه وسلم فِي خَرِبِ الْمَدِينَةِ، وَهُوَ يَتَوَكَّأُ عَلَى عَسِيبٍ مَعَهُ، فَمَرَّ بِنَفَرٍ مِنَ الْيَهُودِ، فَقَالَ بَعْضَهُمْ لَا تَسْأَلُوهُ لَا يَجِيءُ فِيهِ بِشَيْءٍ تَكْرَهُونَهُ. فَقَالَ بَعْضُهُمْ لَا تَسْأَلُوهُ لَا يَجِيءُ فِيهِ بِشَيْءٍ تَكْرَهُونَهُ. فَقَالَ بَعْضَهُمْ لَا تَسْأَلُوهُ لَا يَجِيءُ فِيهِ بِشَيْءٍ تَكْرَهُونَهُ. فَقَالَ بَعْضَهُمْ لَا تَسْأَلُوهُ لَا يَجِيءُ فِيهِ بِشَيْءٍ وَكُرَهُونَهُ . فَقَالَ بَعْضُهُمْ فَقَالَ يَا أَبًا الْقَاسِمِ، مَا الرُّوحُ فَسَكَتَ. فَقُلْتُ إِنَّهُ يُوحَى إِلَيْهِ. فَقُمْتُ ، فَلَا الْقَاسِمِ، مَا الرُّوحُ قُلُ الرُّوحُ مِنْ أَمْرِ رَبِّي وَمَا إِلَيْهِ. فَقُمْتُ ، فَلَمَّ الْجَلَى عَنْهُ، قَالَ (وَيَسْأَلُونَكَ عَنِ الرُّوحِ قُلُ الرُّوحُ مِنْ أَمْرِ رَبِّي وَمَا أُولَيْكَ عَنِ الرُّوحِ قُلُ الرُّوحُ مِنْ أَمْرِ رَبِّي وَمَا أُولَاكَ عَنِ الرُّوحِ قُلُ الرُّوحُ مِنْ أَمْرِ رَبِّي وَمَا أُولَيْكُمْ مِنَ الْعِلْمِ إِلاَّ قَلِيلاً. قَالَ الأَعْمَشُ هَكَذَا فِي قِرَاءَتِنَا.

#### বাংলা

১২৫. 'আবদুল্লাহ্ ইবনু মাস'উদ (রাযি.) হতে বর্ণিত। তিনি বলেনঃ একদা আমি নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম -এর সাথে মাদ্বীনার বসতিহীন এলাকা দিয়ে চলছিলাম। তিনি একখানি খেজুরের ডালে ভর দিয়ে একদল ইয়াহুদীর কাছ দিয়ে যাচ্ছিলেন। তখন তারা একজন অন্যজনকে বলতে লাগল, 'তাঁকে রূহ সম্পর্কে জিজ্ঞেস কর।' আর একজন বলল, 'তাঁকে কোন প্রশ্ন করো না, হয়ত এমন কোন জবাব দিবেন যা তোমরা পছন্দ করোনা।' আবার কেউ কেউ বলল, 'তাঁকে আমরা প্রশ্ন করবই।' অতঃপর তাদের মধ্য হতে এক ব্যক্তি দাঁড়িয়ে বলল, 'হে আবুল কাসিম! রূহ কী?' আল্লাহর রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম চুপ করে রইলেন, আমি মনে মনে বললাম, তাঁর প্রতি ওয়াহী অবতীর্ণ হচ্ছে। তাই আমি দাঁড়িয়ে রইলাম। অতঃপর যখন সে অবস্থা কেটে গেল তখন তিনি বললেনঃ

"তারা তোমাকে রূহ সম্পর্কে প্রশ্ন করে। বল, রূহ আমার প্রতিপালকের আদেশ ঘটিত। এবং তাদেরকে সামান্যই জ্ঞান দেয়া হয়েছে।" (সূরাহ্ আল-ইসরা ১৭/৮৫)

আ'মাশ (রহ.) বলেন, এভাবেই আয়াতটিকে আমাদের কিরাআতে أُوْتِيْتُمُ \_এর স্থলে بُوْتِيْتُمُ পড়া হয়েছে। (৪৭২১, ৭২৯৭, ৭৪৫৬, ৭৪৬২; মুসলিম ৫০/৪, হাঃ ২৭৯৪, আহমাদ ৩৬৮৮) (আধুনিক প্রকাশনীঃ ১২৩, ইসলামিক ফাউন্ডেশনঃ ১২৭)



## **English**

#### Narrated `Abdullah:

While I was going with the Prophet (sallallahu 'alaihi wa sallam) through the ruins of Medina and he was reclining on a date-palm leaf stalk, some Jews passed by. Some of them said to the others: Ask him (the Prophet (sallallahu 'alaihi wa sallam) ) about the spirit. Some of them said that they should not ask him that question as he might give a reply which would displease them. But some of them insisted on asking, and so one of them stood up and asked, "O Abul-Qasim! What is the spirit?" The Prophet (sallallahu 'alaihi wa sallam) remained quiet. I thought he was being inspired Divinely. So I stayed till that state of the Prophet (sallallahu 'alaihi wa sallam) (while being inspired) was over. The Prophet (sallallahu 'alaihi wa sallam) then said, "And they ask you (O Muhammad) concerning the spirit --Say: The spirit -- its knowledge is with my Lord. And of knowledge you (mankind) have been given only a little)." (17.85)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন